

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর

২৬ জুলাই ২০২০ তারিখে ভার্চুয়াল প্ল্যাটফর্ম (zoom apps) এর মাধ্যমে শিল্প মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়। শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব কে এম আলী আজম মহোদয়ের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি হিসেবে মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনসহ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধানগণ ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

০২. শিল্প মন্ত্রণালয়ের এপিএ টিম প্রধান জনাব সালাহউদ্দিন মাহমুদ, অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রণয়) স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু করেন। অতঃপর ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব (প্রণয়) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। পরবর্তীতে মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্যে বিসিক এর চেয়ারম্যান জনাব মোঃ মোশতাক হাসান, এনডিসি এবং এসএমই ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

০৩. এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন এই এপিএ স্বাক্ষর মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থাসমূহের মধ্যে সরাসরি যোগাযোগ ও কার্যক্রমে গতিময়তা আনবে এবং জবাবদিহিতা সৃষ্টিতে বিশেষ ভূমিকা রাখবে। তিনি জানান, এসএমই ফাউন্ডেশনের দক্ষ কর্মকর্তাবৃন্দের নিরলস পরিশ্রম ও মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সহযোগিতার ফলে বিগত অর্থবছরে সন্তোষজনকভাবে এপিএ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে এবং এসএমই ফাউন্ডেশন ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে। বর্তমান সময়ে ফাউন্ডেশনের আয়ের একমাত্র উৎস এনডাউমেন্ট ফান্ডের সুদের হার হ্রাস পাওয়ার ফলে এসএমই ফাউন্ডেশনের ফান্ডের অপতুলতার বিষয়ে তিনি শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের সানুগ্রহ দৃষ্টি কামনা করে প্রয়োজনীয় ফান্ড সংকুলানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ জানান। এসএমই উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়নে ফাউন্ডেশন বিগত অর্থবছরের ন্যায় এবছরও নিরলসভাবে কাজ করবে মর্মে তিনি জানান। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর অব্যাহত সহযোগিতার জন্য তিনি তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সচিব মহোদয়ের দৃঢ় ও সংকল্পদীপ্ত গাইডেন্স এর জন্য মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও সকল সহকর্মীদেরকে তিনি ধন্যবাদ জানান।

০৪. জনাব কামাল আহমেদ মজুমদার এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় তাঁর বক্তব্যে এপিএ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করেন। এছাড়াও পূর্ববর্তী বছরে অর্জিত সাফল্যের সাথে সামঞ্জস্য রেখে পরবর্তী বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনে অর্থাৎ অগ্রগতি এর ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান।

০৫. জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় তাঁর দিক-নির্দেশনামূলক বক্তব্যে এপিএ বাস্তবায়নে মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন এপিএ বাস্তবায়নে সকল দপ্তর/সংস্থা যথাযথভাবে কাজ করে যাচ্ছে। যেসকল প্রতিষ্ঠান লোকসানের সাথে পরিচালিত হচ্ছে সেগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার জোরালো প্রয়াস গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০৬. জনাব কে এম আলী আজম, সচিব, শিল্প মন্ত্রণালয় ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, শিল্প উন্নয়ন প্রক্রিয়া একটি দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে বিশেষ গুরুত্ব বহন করে। তিনি জানান দেশের প্রতি আমাদের সকলের যে ঋণ রয়েছে সেটি আমাদের সকলের পরিশোধ করতে হবে এবং এক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের কাজ করার এক বিরাট সুযোগ রয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে এলক্ষ্যে একসঙ্গে কাজ করার আহ্বান জানান এবং এপিএ বাস্তবায়নে সময়মত কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।

